**প্রত্নসম্পদ ও সংরক্ষণ শাখা**
**প্রত্নতত্ত্ব অধিদপ্তর**
**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

| প্রত্নতত্ত্ব অধিদপ্তর কর্তৃক সংরক্ষিত ঘোষিত পুরাকীর্তির তালিকা | |
|---|---|
| জেলার নাম: | গাইবান্ধা |
| সংরক্ষিত ঘোষিত পুরাকীর্তির সংখ্যা: | ০২টি (আগস্ট ২০২৪ পর্যন্ত) |

প্রত্নতত্ত্ব অধিদপ্তর, প্রত্নতত্ত্ব ভবন, এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭
director_general@archaeology.gov.bd | www.archaeology.gov.bd

| ক্রম | প্রত্নস্থল / পুরাকীর্তি | আলোকচিত্র | অবস্থান | জিও কো- অর্ডিনেট | প্রজ্ঞাপন/গেজেট | সংক্ষিপ্ত বর্ণনা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | **কাদিরবক্স মন্ডলের মসজিদ** |  | পলাশবাড়ী | - | বাংলাদেশ গেজেট<br>২৯ আগস্ট ২০১৩ (১ম খণ্ড, পৃষ্ঠা-৫৪২) | কাদির বকস মন্ডলের মসজিদটি গাইবান্ধা জেলার পলাশবাড়ি উপজেলা সদরের বগুড়া- রংপুর মহাসড়কের পশ্চিমপাশে আনুমানিক ৩০০ মি: দুরে অবস্থিত। এক গম্বুজ বিশিষ্ট মসজিদটি ইট ও চুন সুরকির গাথুনি পরিলক্ষতি হয়। মসজিদের সম্মুখের চুনাবালরি মিশ্রনে তৈরি ফুল ও লতাপাতার অলংকরণ রয়েছে। সম্ভবত অলংকরণের উপর পরবর্তীতে আধুনিক রংয়ের ব্যবহার লক্ষ্য করা যায়। মসজিদের পশ্চিম দেয়ালে ক্ষুদ্রাকৃতির মিহরাব ও দক্ষিণ দেয়ালে মিম্বর রয়েছে। গম্বুজের নিচে চার কোনার পেন্ডেটিভ দেখা যায়। গম্বুজের ভিতর গোলাকার কিন্তু উপরিতল বহু খাঁজ বিশিষ্ঠ। কার্নিশে ছোট ছোট মারলণ ডেকারেশন রয়েছে। কাদির বক্স নামকরণ থেকে অনুমিত হয় কাদির মন্ডলের পূর্বসূরিরা কেউ এটা নির্মাণ করতে পারে। নির্মাণ শৈলী ও মসজিদ কাঠামোয় ব্যবহৃত উপাদান থেকে জানা যায় মসজিদটি ব্রিটিশ আমলে খুব সম্ভবত ১৮শ শতকের শেষভাগে বা ১৯ শতকের প্রথমভাগে এটি নির্মান করা হয়। |
| ২. | **বিরাট রাজার ঢিবি** |  | গোবিন্দগঞ্জ | ২৫°০৮'৫৫.৯"উ.<br>৮৯°১৪'৫১.০"পূ. | বাংলাদেশ গেজেট<br>০২ এপ্রিল ১৯৮৭ | গোবিন্দগঞ্জ থানা থেকে প্রায় ১৬ কি.মি. পশ্চিম দিকে বিরাট নগর নামক প্রাচীন ঢিবি অবস্থিত। এ স্থানে অসংখ্য প্রাচীন কীর্তির ধ্বংসাবশেষের চিহ্ন রয়েছে। ১৮৬০ সালে প্রস্তুতকৃত মেজর শের উইলের মানচিত্রে এ স্থানকে “ব্রাদ রাজার গড়” বলে অভিহিত করা হয়েছে। ১৯১০ খ্রি. দিকে বিরাট নগর এলাকা থেকে ব্রোঞ্জ নির্মিত ৫ টি বিষ্ণু মূর্তি আবিষ্কৃত হয়। |